

জিএম কথা বলার জন্য দশটা উপদেশ

গ্রেটার ম্যানচেস্টারের (জিএম) কথা বলার জন্য দশটা উপদেশে আপনাকে স্বাগতম। এখানে খুব সহজ কিছু পদ্ধতি রয়েছে যার মাধ্যমে আমরা শিশুদের কথা বলা, ভাষা, এবং যোগাযোগের ক্ষমতা বাড়িয়ে তুলতে সাহায্য করতে পারি যার ফলে মাধ্যমে আমাদের শিশুদের জীবন সর্বোত্তমভাবে শুরু হতে পারে।

- 1. আমি যখন আমার মায়ের পেটে তখনও আমি শুনতে পারি। তুমি যখন আমার সাথে কথা বলো বা গান গেয়ে শোনাও আমার খুব ভালো লাগে। এমনকি তোমার প্রিয় বাজনা শুনতেও আমার ভালো লাগে।**
 - o তোমার কণ্ঠ শুনে আমি তোমাকে চিনতে শিখি এবং আমাদের মধ্যে একটা বন্ধন সৃষ্টি হয়। জন্মবার পর পরিচিত কণ্ঠ এবং বাজনা আমাকে স্বস্তি বা আরাম দেবে।
- 2. আমাকে তোমার কোলের খুব কাছে ধরে রাখো যেন আমি তোমার চেহারা দেখতে পাই এবং জন্মের সাথে সাথে আমার সাথে কথা বলতে শুরু করো।**
 - o তুমি যখন উঁচু এবং সুরেলা গলায় কথা বলো আমার ভালো লাগে। পৃথিবী জুড়ে সবাই শিশুদের সাথে এভাবে কথা বলে কারণ এটা বাচ্চাদেরকে শিখতে সাহায্য করে।
 - o আমি হয়তো এখনো কথা বলতে পারি না, কিন্তু আমি নিজের মতো করে তোমার কথার উত্তর দিই। তুমি যখন আমার সাথে কথা বলো, তখন হয়তো আমি তোমার দিকে একদৃষ্টে তাকিয়ে থাকি, মুখ নাড়াই, অথবা হাত পা নাড়াই। এর মানে হচ্ছে তোমার সাথে আমার বন্ধন তৈরি হচ্ছে।
- 3. আমার সাথে এমন সব কথা বলো যেসব আমাকে আনন্দ দেয় অথবা এই মুহূর্তে আমার কেমন অনুভূতি হচ্ছে বলে তোমার মনে হয় তা বলো।**
 - o আমি যেসব জিনিসের দিকে তাকাই বা হাত দিয়ে নির্দেশ করি, সেসব নিয়ে আমার সাথে কথা বলো। তাহলে আমি জানতে পারব যে তুমি আমাকে বোঝো।
- 4. আমাকে উপেক্ষা করো না**
 - o বড়রা কথা বলতে দক্ষ এবং আমি তোমার কাছ থেকে সবকিছু শিখি।
 - o তোমার ফোনটা রাখো, টিভিটা বন্ধ করে দাও। এসো, আমরা গল্প করি।
 - o শব্দ কম থাকলে আমি তোমার কথা ভালো মতো শুনতে পারি। তোমার কথা মন দিয়ে শুনতে আমার ভালো লাগে। এটা আমাকে সুন্দর করে বলা এবং ভালো করে শোনা শিখতে সাহায্য করবে।
- 5. আমার খুব ভালো লাগে যখন আমরা একসাথে খেলি, গান গাই, এবং পড়ি।**
 - o আমরা যে কোনো কিছু দিয়ে খেলতে পারি, শুধু খেলনা দিয়ে নয়। আমরা পরস্পরের দিকে তাকিয়ে নানারকম মুখভঙ্গি করতে পারি, অথবা কার্ডবোর্ড ব্লক দিয়ে খেলতে পারি।
 - o যখন আমি খেলি তখন আমাকে অনুকরণ বা নকল করো, এতে আমার কল্পনাশক্তি বাড়ে।
 - o আমাকে প্রশ্ন করার চেয়ে আমি যা করছি তা নিয়ে কথা বলো। এরকম করলে আমি বেশি কথা বলব।
 - o একসাথে গল্প পড়লে আমি নতুন শব্দ এবং ভাবনা শিখতে পারব। পাতা উলটাতে উলটাতে যখন আমরা গল্পটা নিয়ে কথা বলি, আমার খুব ভালো লাগে। আমাকে ছবিগুলোও দেখতে দাও।

6. আমার সাথে সবসময় কথা বলো।

- o আমার সাথে কথা বলো যখন আমরা খেলি বা অন্যান্য জিনিস করি, যেমন- শপিং, গোসল, নেপি চেইঞ্জিং অথবা খাওয়া।
- o একই কথা বারবার বললেও কোনো সমস্যা নেই, কারণ আমি এভাবেই শিখি।

7. আমার সাথে কথার টেনিস খেলো।

- o আমাকে একটা কিছু বলো, তারপর উত্তরের জন্য অনেকটা সময় অপেক্ষা করো।
- o তুমি আবার কথা বলার আগে মনে মনে দশ গুনতে পারো, তাহলে তোমার বুঝতে সুবিধা হবে। এরকম করলে আমি পালা করে কথা বলতে শিখব।
- o যখন আমি ছোট শিশু তখনও আমি কথার টেনিস খেলতে পছন্দ করি। খেয়াল করে দেখো আমি হাসছি কী না, আওয়াজ করছি কী না, তাকিয়ে আছি কী না। আমি এভাবেই তোমার সাথে কথা বলি। যখন আমি আরো বড় হবো, তখন আমি শব্দ ব্যবহার করব।

8. আমাকে নতুন শব্দাবলী শেখাও।

- o তুমি আমাকে আরো বেশি কথা বলতে সাহায্য করতে পারো এভাবে- আমি যা বলি তার সাথে আরো একটা বা দুইটা শব্দ যোগ করে তুমি বলো।
- o এভাবে আমি শব্দগুলোকে জোড়া লাগাতে শিখি। আমি যদি বলি ‘গাড়ি’, তুমি বলতে পারো, ‘তুমি গাড়িকে ঠেলছ’ অথবা ‘গাড়িটা চলছে’।

9. যখন আমি কথা বলি, তখন ডামিটা আমার মুখ থেকে সরিয়ে নাও।

- o ডামি আমাকে স্পষ্টভাবে কথা বলতে বাধা দেয়।

10. যখন তুমি ঘরে আমার সাথে কথা বলো তখন সেই ভাষা ব্যবহার করো যেটা তুমি নিজে সবচেয়ে ভালো জানো।

- o এটা আমার মগজকে বৃদ্ধি করবে এবং ঘরের ভাষা বা নিজের ভাষার শব্দগুলো আগে থেকে শিখে ফেললে আমি ইংরেজিও দ্রুত শিখতে পারব।